দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 AUG 2017
কলাম 2

# ইতিহাস কারও ক্রীতদাস নয় ॥ চবি উপাচার্য

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** স্বাধীনতাবিরোধী কুচক্রীমহল ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার মধ্য দিয়ে ইতিহাস থেকে তাঁর নাম মুছে ফেলার অপচেষ্টায় চালিয়েছিল। কিন্তু বঙ্গবন্ধুর ত্যাগের মহিমা মুছে ফেলা যাবে না। কারণ ইতিহাস কারও ক্রীতদাস নয়। সোমবার বঙ্গবন্ধু পরিষদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে আয়োজিত এক স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজন করা এ সভায় বিশেষ অতিথি ছিলেন চবির উপ-উপাচার্য প্রফেসর ড. শিরীন আখতার। চবি বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ড. রাশেদ-উন-নবীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মশিবুর রহমানের পরিচালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠান আয়োজন কমিটির আহ্বায়ক এএইচএম রাকিবুল মাওলা। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মিহির কুমার রায় ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মুয়াজ্জম হোসেন।

চবি উপাচার্য তার বক্তব্যে দেশের মহান স্বাধীনতা অর্জনের বিভিন্ন গণতান্ত্রিক সংগ্রাম-আন্দোলন, '৭১-এর ৭ মার্চ কালজয়ী ঐতিহাসিক ভাষণ এবং **সর্বোপরি মহান** মুক্তিযুদ্ধের ইতিহাস আলোকপাত করে বলেন, বিশ্ব সমাজ-সভ্যতার ইতিহাসে বঙ্গবন্ধুর মতো জনপ্রিয় নেতা আরেকজনের জন্ম হয়নি। অসীম সাহসী এই অকুতোভয় দেশপ্রেমিক মহান নেতার সম্মোহনী ও দূরদর্শী নেতৃত্বে বাংলার সর্বস্তরের মানুষ বুকের রক্ত ঢেলে দিয়ে এ দেশ স্বাধীন করেছে। তাই বঙ্গবন্ধু ইতিহাসের শুধু নির্মাতা নন, তিনি স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠাতা।

এছাড়াও বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে সকাল ১০টায় চবি বঙ্গবন্ধু চত্বরে ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী লীগের জনসভায় বর্বরোচিত গ্রেনেড হামলার প্রতিবাদে এবং হামলাকারীদের বিচারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং